(একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিকল্পনা মন্ত্রণালয়

পরিকল্পনা বিভাগ

কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা

www.plandiv.gov.bd

ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্ম পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতির অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি	:	প্রদীপ রঞ্জন চক্রবর্তী সচিব, পরিকল্পনা বিভাগ
তারিখ	:	২৯ ডিসেম্বর ২০২১
সময়	:	বেলা-৩.০০ঘটিকা
স্থান	:	এনইসি সম্মেলন কক্ষ
উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক'

সভাপতি সভায় আগত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। পরিকল্পনা বিভাগের চলতি ২০২১-২২ অর্থবছরের এপিএ এর আবশ্যকীয় কৌশলগত উদ্দেশ্যের ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্ম-পরিকল্পনার ২য় ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা গত ০১/১২/২০২১ তারিখে পরিকল্পনা বিভাগের সচিবের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় ৯টি নির্দেশনা প্রদান করা হয়। নির্দেশনা সমূহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হয়েছে।

২.০০ ইনোভেশন টিমের ১/১২/২০২১ তারিখে অনুষ্ঠিত ২য় সভার সিদ্ধান্ত অনুযায়ী ২৯/১২/২০২১ তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন সংক্রান্ত পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় জানানো হয় যে, একটি উদ্ভাবনী ধারণা ও একটি সেবা সহজিকরণের লক্ষ্যে গত ৮ ও ৯ ডিসেম্বর/২১ তারিখে দুই দিনের প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ শেষে একটি উদ্ভাবনী ধারণা ও একটি সেবা সহজীকরণ ধারণা বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করা হয়। কর্মসম্পাদন সূচক ১.৩.১ অনুযায়ী একটি ডিজিটাল সেবা চালু করার নিমিত্ত ২৮/১২/২১ তারিখে অফিস আদেশ জারী করা হয়েছে এবং পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। ইত:পূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজীকৃত এবং ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভা গত ৩০/৮/২০২১ তারিখে অনুষ্ঠিত হয়।ই-ফাইলে নথি নিষ্পত্তির বিষয়টি উদ্ভাবন কর্মপরিকল্পনার নির্দেশিকা মোতাবেক নির্ধারিত ছকে তথ্য প্রদানের জন্য পত্র প্রদান করা হয়েছে। ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে ২টি কর্মশালা আয়োজন করা হয়েছে। তথ্য বাতায়নের সেবা বক্স হালনাগাদ করা হয়েছে। এছাড়া বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে প্রকাশ করা হচ্ছে।

ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে ৪টি ব্যাচে ২৩৩ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। কর্মসম্পাদন সূচক ২.২.৫ অনুযায়ী দেশে বাস্তবায়িত একটি উদ্যোগ আগামী ৩০/০৩/২২তারিখের মধ্যে পরিদর্শনের কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

৩.০০ আওতাধীন দপ্তর/সংস্থা বিআইডিএস এবং এনএপিডি এর বাস্তবায়ন অগ্রগতির Feedback প্রদান:

সভায় অধীন দপ্তর বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস) এবং জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি) এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা পর্যালোচনা ও মূল্যায়ন করা হয় এবং প্রয়োজনীয় Feedback প্রদান করা হয়।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য:

বিআইডিএসঃ

(ক) ২০২১-২২ অর্থবছরের ২য় ত্রৈমাসিক (জুলাই-ডিসেম্বর/২০২১) পর্যন্ত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনায় সর্বমোট ০৯ (নয়) টি লক্ষ্যমাত্রা রয়েছে। ইতোমধ্যে ০৪ (চার) টি কর্মসম্পাদন সূচক বাস্তবায়ন করা হয়েছে এবং অবশিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহের বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে।

(খ) কর্মসম্পাদন সূচক ১.৩.১ মোতাবেক সেবা ডিজিটাইজেশন হিসেবে 'অনলাইন মনিটরিং সিস্টেম' ধারণাটি গ্রহণপূর্বক বাস্তবায়ন করা হয়েছে। তবে এ বিষয়ে সভাপতি ডিজিটাল আইডিয়াটি সম্পর্কে বিস্তারিত অবহিত করতে বলেন এবং ডিজিটাল সেবাটি যথাযথভাবে সম্পাদন করার পরামর্শ প্রদান করেন।

(গ) কর্মসম্পাদন সূচক ১.৪.১ মোতাবেক ইতোপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভাটি গত ২৬ জুলাই, ২০২১ তারিখ অনুষ্ঠিত হয়। সভাপতি প্রমাণক হিসেবে পর্যালোচনা সভার কার্যবিবরণী এ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করেন।

(ঘ) গত ২২ নভেম্বর, ২০২১ তারিখ ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ২য় প্রশিক্ষণ অনুষ্ঠিত হয় এবং গত ০৮ নভেম্বর, ২০২১ তারিখ ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ২য় সভা অনুষ্ঠিত হয়।

এনএপিডিঃ

(ক) ২০২১-২২ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনায় সর্বমোট ১৩ (তের) টি লক্ষ্যমাত্রা রয়েছে। ২য় ত্রৈমাসিকে (জুলাই-ডিসেম্বর/২০২১) ১১ (এগারো) টি কর্মসম্পাদন সূচক বাস্তবায়ন করা হয়েছে এবং অবশিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহের বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে।

(খ) কর্মসম্পাদন সূচক ১.৩.১ মোতাবেক সেবা ডিজিটাইজেশন হিসেবে কিসক মেশিন বাস্তবায়ন করা হয়েছে।

(গ) কর্মসম্পাদন সূচক ১.৪.১ মোতাবেক ইতোপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভাটি গত ০৫ আগষ্ট, ২০২১ তারিখ অনুষ্ঠিত হয়। সভাপতি প্রমাণক হিসেবে পর্যালোচনা সভার কার্যবিবরণী এ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করেন।

(ঘ) দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ যথাসময়ে আয়োজন করা হবে।

৪.০০ বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়:

৪.০১ নির্ধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিক ও অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে;

৪.০২ দেশে বাস্তবায়িত ১টি উদ্যোগ পরিদর্শন করে আগামী ৩০ মার্চ/২২ তারিখের মধ্যে একটি প্রতিবেদন দাখিল করতে হবে;

৪.০৩ সম্পাদিত কর্মসম্পাদন সূচকের অনুকূলে প্রমাণক সংরক্ষণ ও সরবরাহ করতে হবে;

৪.০৪ ইত:পূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভার সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়নপূর্বক সংশ্লিষ্ট শাখা এ সংক্রান্ত বাস্তবায়ন অগ্রগতি কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখাকে জানাবে;

৪.০৫ বিআইডিএস এর উদ্ভাবিত ডিজিটাল আইডিয়াটি পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।

৪.০৬ এনএপিডি-কে দেশে বাস্তবায়িত ১টি উদ্যোগ যথাসময়ে পরিদর্শন করতে হবে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য:

৫.০০ পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১০/০১/২০২২
(প্রদীপ রঞ্জন চক্রবর্তী)
সচিব
পরিকল্পনা বিভাগ

নং-২০.০০.০০০০.৩২৮.৪৬.০০১.২১.৪৪০

তারিখঃ ২৬ পৌষ ১৪২৮ / ১০ জানুয়ারি ২০২২

বিতরণঃ

১. সচিব (সমন্বয় ও সংস্কার) মন্ত্রিপরিষদ বিভাগ, সচিবালয় লিংক রোড, ঢাকা।
২. যুগ্মসচিব, (বাজেট ও এপিএ/প্রটোকল) পরিকল্পনা বিভাগ, ঢাকা
৩. যুগ্মপ্রধান সমন্বয় (সকল), পরিকল্পনা কমিশন, ঢাকা
৪. উপসচিব (এসএসআরসি/পিটি/সাধারণ-১/২/এপিএ), পরিকল্পনা বিভাগ, ঢাকা
৫. উপসচিব/উপপ্রধান, এনইসি একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, ঢাকা
৬. সিনিয়র সহকারী প্রধান, সমন্বয় (জিইডি/কার্যক্রম), পরিকল্পনা কমিশন, ঢাকা
৭. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা
৮. পরিচালক (প্রশাসন ও অর্থ), জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি), নীলক্ষেত, ঢাকা।
৯. সচিব, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস), আগারগাঁও, ঢাকা

অনুলিপি অবগতি ও কার্যার্থে:

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা
২. প্রোগ্রামার, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৩. অতিরিক্ত সচিব(বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা,পরিকল্পনা বিভাগ, ঢাকা
৪. সংশ্লিষ্ট নথি

১০/১/2022

(মোঃ রফিকুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
পরিকল্পনা বিভাগ।